**সোশ্যাল সিকিউরিটি নম্বর সংগ্রহ ও ব্যবহার – 2008 সালের খাদ্য ও পুষ্টি আইন (সংশোধিত) অনুযায়ী সম্পূর্ণকৃত পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) ক্ষেত্রে পরিবারের প্রত্যেক সদস্যের সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN) সংগ্রহ করার অনুমোদন রয়েছে।** SNAP-এর জন্য যারা আবেদন করবেন তাদের প্রত্যেককে বেনিফিট পাওয়ার জন্য অবশ্যই SSN দিতে হবে। যদি আপনার অথবা আবেদনকারী কোনো ব্যক্তির SSN না থাকে, তাহলে সেই ব্যক্তিকে অবশ্যই সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশনের (Social Security Administration) কাছে একটি SSN-এর জন্য আবেদন করতে হবে ([www.SSA.gov](http://www.SSA.gov) ঠিকানায় ভিজিট করুন অথবা 1-800-772-1213 নম্বরে ফোন করুন)।

এই আবেদন ফরমে SSN প্রয়োজন হয় এমন অন্য সব কর্মসূচির ক্ষেত্রে, SSN সংগ্রহ করা বাধ্যতামূলক এবং আইনের নিম্নলিখিত এক বা একাধিক ধারা অনুযায়ী অনুমোদিত: সোশ্যাল সিকিউরিটি আইনের সেকশন 205(c)(42 U.S. কোড 405), সোশ্যাল সিকিউরিটি আইনের সেকশন 1137(42 U.S. কোড 1320b-7) এবং 1974 সালের গোপনীয়তা আইনের সেকশন 7(a)(2)। যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে নির্দেশনা পুস্তক (PUB-1301 Statewide) দেখুন অথবা আপনার সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের সঙ্গে কথা বলুন।

আমাদের সংগ্রহ করা তথ্য আপনার পরিবার সহায়তা বা সুবিধা পাওয়ার জন্য যোগ্য কিনা অথবা সেই যোগ্যতা অব্যাহত রয়েছে কিনা তা নির্ণয়ের জন্য ব্যবহার করা হবে। পরিচয় চেক করতে, উপার্জিত এবং অনুপার্জিত আয় যাচাই করতে, অনুপস্থিত অভিভাবকরা আবেদনকারী বা প্রাপকের জন্য স্বাস্থ্য বিমার কভারেজ পেতে পারেন কিনা তা নির্ধারণ করতে, আবেদনকারী বা প্রাপক শিশু বা স্বামী-স্ত্রীর জন্য সহায়তা পেতে পারেন কিনা তা নির্ধারণ করতে, এবং আবেদনকারী বা প্রাপক টাকা বা অন্যান্য সহায়তা পেতে পারেন কিনা তা নির্ধারণ করতে এই তথ্য ব্যবহার করা হবে। আমরা কম্পিউটারে ম্যাচিং প্রোগ্রামের মাধ্যমে এই তথ্য যাচাই করবো। কর্মসূচির নিয়ম-কানুন মেনে চলা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করতে এবং কর্মসূচির ব্যবস্থাপনার জন্যেও এসব তথ্য ব্যবহার করা হবে। আপনি আমাদের যে তথ্য প্রদান করেন তা এই উপায়ে ব্যবহার করা ছাড়াও, গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP) থেকে সুবিধা গ্রহণকারী সব ব্যক্তি সম্পর্কে পরিসংখ্যান প্রস্তুত করার জন্য স্টেট এই তথ্য ব্যবহার করবে।

আনুষ্ঠানিক পরীক্ষার জন্য এই তথ্য অন্যান্য স্টেট ও ফেডারেল সংস্থার কাছে এবং আইনের হাত থেকে পলাতক ব্যক্তিদের আটক করার উদ্দেশ্যে আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাদের কাছে প্রকাশ করা হতে পারে। ফ্যামিলি অ্যাসিস্টেন্স (Family Assistance, FA) ও সফটি নেট অ্যাসিস্টেন্স (Safety Net Assistance, SNA) এর আবেদনকারী ও প্রাপকের প্রদত্ত তথ্য, SSN সহ, জুরি পুল তৈরিতে সাহায্য করার জন্য ব্যবহার করা হতে পারে। যদি আপনার পরিবারের বিরুদ্ধে SNAP সংক্রান্ত কোনো দাবি ওঠে, তাহলে দাবি সংক্রান্ত অর্থ সংগ্রহের পদক্ষেপ নেওয়ার জন্য এই আবেদনপত্রে দেওয়া তথ্য, সব SSN সহ, ফেডারেল ও স্টেটের এজেন্সিগুলোর পাশাপাশি দাবি সংক্রান্ত অর্থ সংগ্রহকারী বেসরকারি এজেন্সিগুলোর কাছেও পাঠানো হতে পারে।

পরিবারের অযোগ্য সদস্যদের SSN-গুলোও উপরোক্ত উপায়ে ব্যবহার ও প্রকাশ করা হবে।

আপনি আমাদের যে তথ্য প্রদান করেন তা এই উপায়ে ব্যবহার করা ছাড়াও, HEAP থেকে সুবিধা গ্রহণকারী সব ব্যক্তি সম্পর্কে পরিসংখ্যান প্রস্তুত করার জন্যেও স্টেট এই তথ্য ব্যবহার করবে। এই তথ্য স্টেট কর্তৃক গুণমান নিয়ন্ত্রণের জন্য ব্যবহার করা হয় যাতে সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টগুলির পক্ষে সেরা কাজ করার বিষয়টি নিশ্চিত করা যায়। এটি আপনার বিদ্যুৎ সরবরাহকারী যাচাই করতে এবং এই ধরনের বিক্রেতার কাছে নির্দিষ্ট কিছু পেমেন্ট করতে ব্যবহার করা হয়।

**বৈষম্য না করা সংক্রান্ত বিজ্ঞপ্তি –** ফেডারেল নাগরিক অধিকার আইন এবং যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (U.S. Department of Agriculture, USDA)-এর নাগরিক অধিকার সংক্রান্ত বিধিমালা ও নীতিমালা অনুযায়ী, এই প্রতিষ্ঠানের জন্য জাতি, বর্ণ, জাতিগত উৎস, লিঙ্গ (লৈঙ্গিক পরিচয় এবং যৌন অভিমুখীতা সহ), ধর্মীয় বিশ্বাস, অক্ষমতা, বয়স, রাজনৈতিক বিশ্বাস বা পূর্বের কোনো নাগরিক অধিকার সংক্রান্ত ক্রিয়াকলাপের জন্য শাস্তি প্রদান বা প্রতিশোধ গ্রহণ, ইত্যাদির ভিত্তিতে বৈষম্যমূলক আচরণ করা নিষিদ্ধ।

সেইসাথে নিউ ইয়র্ক স্টেট ট্রান্সজেন্ডার অবস্থা, জেন্ডার ডিসফোরিয়া, বৈবাহিক অবস্থা, সামরিক অবস্থা, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীর অবস্থা, গর্ভধারণের সাথে সম্পর্কিত অবস্থা, পূর্বে প্রকাশিত জিনগত বৈশিষ্ট্য, পূর্বে গ্রেফতার হওয়া অথবা দোষী সাব্যস্ত হওয়ার রেকর্ড, পারিবারিক অবস্থা, ইত্যাদির ভিত্তিতে, এবং বেআইনি বৈষম্যমূলক রীতির বিরুদ্ধাচরণ করার কারণে প্রতিশোধ গ্রহণের জন্য বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করেছে।

কর্মসূচি সংক্রান্ত তথ্যসমূহ ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায় প্রদান করা হতে পারে। যেসব প্রতিবেদনী ব্যক্তির কর্মসূচি সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য বিকল্প যোগাযোগের উপায় প্রয়োজন (যেমন, ব্রেইল, বড় ছাপার অক্ষর, অডিওটেপ, আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ) তারা যে এজেন্সির (স্টেটের বা লোকাল) কাছে বেনিফিটের জন্য আবেদন করেছেন সেখানে যোগাযোগ করা উচিত। বধির, কানে শুনতে সমস্যা হয় বা বাক-প্রতিবেদনী ব্যক্তির ফেডারেল রিলে সার্ভিসের জন্য (800) 877-8339 নম্বরে USDA-এর সাথে যোগাযোগ করতে পারেন।

কর্মসূচিতে বৈষম্যমূলক আচরণ সম্পর্কে অভিযোগ দায়ের করতে, একজন অভিযোগকারীকে ফরম AD-3027, USDA কর্মসূচিতে বৈষম্যমূলক আচরণ সম্পর্কে অভিযোগ জানানোর ফরম পূরণ করতে হবে, যেটি অনলাইনে

<https://www.usda.gov/sites/default/files/documents/ad-3027.pdf>, ঠিকানায়, যেকোনো USDA অফিসে (833) 620-1071 নম্বরে ফোন করে, অথবা USDA-কে উদ্দেশ্য করে একটি চিঠি পাঠানোর মাধ্যমে পাওয়া যাবে। এই চিঠিতে কথিত নাগরিক অধিকার লঙ্ঘনের প্রকৃতি ও তারিখ সম্পর্কে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি ফর সিভিল রাইটস (ASCR)-কে অবহিত করার জন্য অবশ্যই অভিযোগকারীর নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, এবং কথিত বৈষম্যমূলক আচরণের পর্যাপ্ত বিবরণ লিখিতভাবে প্রদান করতে হবে। পূরণ করা AD-3027 ফরম অথবা চিঠি অবশ্যই নিম্নলিখিতভাবে জমা দিতে হবে: 1) ডাকযোগে: Food and Nutrition Service, USDA, 1320 Braddock Place, Room 334, Alexandria, VA 22314; 2) ফ্যাক্স (833) 256-1665 অথবা (202) 690-7442; বা 3) ইমেইল: [FNSCIVILRIGHTSCOMPLAINTS@usda.gov](mailto:FNSCIVILRIGHTSCOMPLAINTS@usda.gov)

সম্পূর্ণকৃত পুষ্টি সহায়তা কর্মসূচি (SNAP) সংক্রান্ত সমস্যা মোকাবেলার ক্ষেত্রে অন্য যেকোনো তথ্যের জন্য, (800) 221-5689 নম্বরে USDA SNAP হটলাইনে যোগাযোগ করা উচিত, যেটি স্প্যানিশ ভাষাতেও লভ্য রয়েছে, অথবা এই ঠিকানায় থাকা স্টেটের তথ্য/হটলাইন নম্বরগুলোতে ফোন করা উচিত: [http://www.fns.usda.gov/snap/contact\\_info/hotlines.htm](http://www.fns.usda.gov/snap/contact_info/hotlines.htm)

এই প্রতিষ্ঠান সমান সুযোগ প্রদানকারী একটি প্রোভাইডার।

**তদন্তের জন্য সম্মতি** – আমি সরকারি সহায়তা (PA), Medicaid, সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) সুবিধাসমূহ, গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির (HEAP) সুবিধাসমূহ, পরিষেবাসমূহ অথবা চাইল্ড কেয়ার সহায়তার জন্য আমার আবেদনের ক্ষেত্রে আমার প্রদান করা তথ্য যাচাই বা নিশ্চিত করার জন্য যেকোন তদন্ত পরিচালনার ব্যাপারে সম্মত রয়েছি। যদি আরো তথ্য চাওয়া হয়, আমি তা প্রদান করবো। এছাড়াও আমি PA এবং/অথবা SNAP-এর যেকোনো মান নিয়ন্ত্রণ পর্যালোচনায় স্টেট ও ফেডারেল কর্মীদের সঙ্গে পুরোপুরি সহযোগিতা করবো।

যদি আমি SNAP-এর জন্য আবেদন করি, তাহলে আমি বুঝতে পেরেছি যে সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট আমার আবেদনের ব্যাপারে তদন্ত করার জন্য আয় ও উপযুক্ততা যাচাইকরণ সিস্টেমের মাধ্যমে তথ্যের জন্য অনুরোধ করবে এবং সেই তথ্য ব্যবহার করবে, এবং তথ্যের মধ্যে অমিল দেখা গেলে কোলাটোরাল যোগাযোগের ব্যক্তিদের মাধ্যমে এই তথ্য যাচাই করতে পারে। আমি আরো বুঝতে পেরেছি যে এধরনের তথ্য আমার SNAP-এর জন্য উপযুক্ততা এবং/অথবা আমার পাওয়া SNAP বেনিফিটের মাত্রাকে প্রভাবিত করতে পারে।

**বেকারত্ব বিমা সংক্রান্ত গোপনীয় তথ্য প্রকাশের জন্য সম্মতি** – আমি নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগকে (Department of Labor, DOL) বেকারত্ব বিমার (UI) সাথে সম্পর্কিত উদ্দেশ্যের জন্য DOL-এর রক্ষণাবেক্ষণধীন যেকোনো গোপনীয় তথ্য নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance, OTDA) কাছে প্রকাশ করার অনুমোদন দিচ্ছি। এই তথ্যের মধ্যে রয়েছে UI বেনিফিটের দাবি এবং মজুরির রেকর্ড। আমি বুঝতে পেরেছি যে সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের অফিসগুলোতে কর্মরত স্টেট ও স্থানীয় সংস্থার কর্মচারীদের পাশাপাশি OTDA এই আবেদনপত্রে আবেদন করা সরকারি সহায়তা, Medicaid, সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির সুবিধাসমূহ, গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির সুবিধাসমূহ অথবা চাইল্ড কেয়ার সহায়তা, ইত্যাদির জন্য উপযুক্ততা এবং সহায়তার পরিমাণ প্রতিষ্ঠা ও যাচাই করার জন্য এবং পাওয়ার অধিকার রাখি না এমন সুবিধাসমূহ আমি পেয়েছি কিনা তা নির্ণয় করতে তদন্ত পরিচালনার জন্য এই UI তথ্য ব্যবহার করবে। OTDA এই তথ্য নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (New York State Office of Children and Family Services, OCFS) এবং নিউ ইয়র্ক স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health, DOH) সাথেও শেয়ার করতে পারে। চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচি তদারক করার জন্য OCFS এই তথ্য ব্যবহার করবে।

**পরিষেবা প্রদানকারীদের কাছে তথ্য প্রকাশ করা** – আমি সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট এবং নিউ ইয়র্ক স্টেটকে আমার অথবা আমার পরিবারের কোনো সদস্যের, যার ব্যাপারে আমি আইনিভাবে অনুমোদন প্রদান করতে পারি, গ্রহণ করা সরকারি সহায়তা অথবা সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির সুবিধাসমূহের ব্যাপারে তথ্য শেয়ার করার অনুমতি দিচ্ছি, যাতে কোনো স্টেট বা স্থানীয় কর্মসূচির কর্তৃক কর্মসূচি পরিচালনার সাথে সম্পর্কিত পরিষেবা ও পেমেন্টের জন্য আমার উপযুক্ততা যাচাইয়ের উদ্দেশ্যে এই তথ্য ব্যবহার করা যায়। এধরনের পরিষেবার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে, আমাকে বা আমার বাড়ির সদস্যদেরকে চাকরি পাওয়া বা চাকরি ধরে রাখতে সাহায্য করার জন্য প্রদত্ত চাকরির প্লেসমেন্ট বা প্রশিক্ষণ পরিষেবা, কিন্তু এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।

**শিক্ষার রেকর্ড প্রকাশ করা** – আমি নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) এবং সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টকে নিম্নলিখিত উদ্দেশ্যে আমার এবং/অথবা আমার অপ্রাপ্তবয়স্ক সন্তানের শিক্ষার রেকর্ড সম্পর্কিত যেকোনো তথ্য সংগ্রহ করার অনুমতি দিচ্ছি। 1) সরকারি সহায়তা, সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি, এবং/অথবা Medicaid-এর জন্য আমার উপযুক্ততা যাচাই করা; 2) উপযুক্ততা প্রক্রিয়ার অংশ হিসেবে প্রদান করা সাংঘর্ষিক তথ্যের ফলস্বরূপ পর্যালোচনা বা তদন্ত পরিচালনার জন্য; 3) স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা পরিষেবার জন্য Medicaid-এর ব্যয় পরিশোধের অর্থ ফেরত পাওয়ার দাবি করা; এবং 4) শুধুমাত্র অডিট পরিচালনা করার উদ্দেশ্যে যথোপযুক্ত ফেডারেল সরকারি সংস্থাকে এই তথ্যের অ্যাক্সেস প্রদান করা।

**নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (NEW YORK CITY HOUSING AUTHORITY) অধিবাসীদের তথ্য শেয়ার করার জন্য সম্মতি** – যদি আপনি নিউ ইয়র্ক সিটিতে সহায়তার জন্য আবেদন করেন, তাহলে এই সম্মতি আপনাকে এবং আপনার পরিবারকে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) আওতাধীন সহায়তা এবং/অথবা HRA নগদ অর্থ সহায়তা, যার মধ্যে বকেয়া ভাড়ার অর্থ পরিশোধ অন্তর্ভুক্ত রয়েছে, ইত্যাদির জন্য আবেদন করতে সাহায্য করার উদ্দেশ্যে, নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষকে (NYCHA) নিউ ইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA)/ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস (Department of Social Services) সঙ্গে আপনার সম্পর্কে তথ্য শেয়ার করার অনুমতি দিবে।

যদি আপনি নিচে এই আবেদনপত্রে স্বাক্ষর করেন, তাহলে NYCHA আপনার SNAP এবং/অথবা নগদ অর্থ সহায়তা পাওয়ার উপযুক্ততা, অথবা সহায়তার মাত্রা সম্পর্কিত তথ্য HRA-এর সঙ্গে শেয়ার করতে পারে, যার মধ্যে আপনার নাম, ঠিকানা, জন্মতারিখ, এবং ভাড়া ও ইউটিলিটির পেমেন্ট সংক্রান্ত তথ্য (যেমন মাসিক ভাড়ার পেমেন্ট, ভাড়ার পেমেন্টের ইতিহাস, ভাড়ার ব্যালেন্স, এবং অ্যাপ্লায়েন্স ফি) অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, নিচে এই আবেদনপত্রে স্বাক্ষর করার মাধ্যমে আপনি স্বীকৃতি দিচ্ছেন যে এই আবেদনে তালিকাভুক্ত অপ্রাপ্তবয়স্ক শিশুদের পক্ষ থেকে আপনার সম্মতি প্রদানের কর্তৃত্ব রয়েছে এবং আপনি NYCHA-কে সেই শিশুর নাম, ঠিকানা, এবং জন্মতারিখ HRA-এর সঙ্গে শেয়ার জন্য অনুমোদন দিচ্ছেন।

NYCHA কর্তৃক শেয়ারকৃত যেকোনো তথ্যের ব্যাপারে HRA গোপনীয়তা রক্ষা করবে এবং HRA-এর SNAP এবং নগদ অর্থ সহায়তা বেনিফিটের কর্মসূচিগুলো তত্ত্বাবধানকারী স্থানীয়, স্টেট, ও ফেডারেল সংস্থাগুলোর সঙ্গেই শুধু এই তথ্য শেয়ার করতে পারবে।

**পরিবর্তন সম্পর্কে জানানো** – আমি আমার জ্ঞান বা বিশ্বাস অনুযায়ী, আমার ঠিকানা, চাহিদা, আয়, ও সম্পত্তি, নির্ভরশীল ব্যতীত সক্ষম দেহের অধিকারী প্রাপ্তবয়স্ক ব্যক্তির (ABAWD) অবস্থা, গর্ভধারণের অবস্থা অথবা বসবাসের ব্যবস্থা, ইত্যাদির যেকোনো পরিবর্তন সম্পর্কে সংস্থাটিকে **অবিলম্বে** অবহিত করতে সম্মত আছি।

যদি আমি চাইল্ড কেয়ার সহায়তার জন্য আবেদন করি, তাহলে আমি সংস্থাটিকে পারিবারিক আয়, আমার বাড়িতে কারা বসবাস করছেন, কর্মসংস্থান, চাইল্ড কেয়ারের ব্যবস্থা, ইত্যাদির পরিবর্তন অথবা আমার উপযুক্ততা অব্যাহত থাকা অথবা আমার সুবিধার পরিমাণকে প্রভাবিত করতে পারে এমন অন্যান্য পরিবর্তন সম্পর্কে সংস্থাটিকে **অবিলম্বে** অবহিত করতে সম্মত আছি।

**দণ্ডসমূহ** – যদি আপনি সরকারি সহায়তা, Medicaid, সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচি, পরিষেবাসমূহ অথবা চাইল্ড কেয়ার সহায়তার (“সহায়তা, সুবিধা বা পরিষেবাসমূহ”) জন্য আবেদন করার সময় অথবা যেকোনো সময় আপনার উপযুক্ততা সম্পর্কে প্রশ্ন করা হলে সত্য কথা না বলেন, অথবা আপনার আবেদন অথবা আপনার উপযুক্ততা অব্যাহত থাকা সম্পর্কে সত্য কথা বলা থেকে অন্য কাউকে বিরত রাখেন, তাহলে ফেডারেল ও স্টেট আইনে দণ্ডের বিধান রয়েছে। আপনি যদি সহায়তা, বেনিফিট বা পরিষেবার জন্য আপনার প্রারম্ভিক এবং চলমান যোগ্যতার ব্যাপারে তথ্য লুকান বা প্রকাশ করতে ব্যর্থ হন, অথবা যদি আপনি এমন কোনো তথ্য লুকান বা প্রকাশ করতে ব্যর্থ হন যেটি আপনি যার হয়ে সহায়তা, বেনিফিট বা পরিষেবা পাওয়ার জন্য বা পাওয়া অব্যাহত রাখার জন্য আবেদন করেছেন তার অধিকারকে ক্ষুণ্ণ করে। আপনি যদি অনুমোদিত প্রতিনিধি হন, তাহলে সেই সহায়তা, বেনিফিট বা পরিষেবা অবশ্যই সেই অপর ব্যক্তির জন্য ব্যবহার করতে হবে, আপনার নিজের জন্য নয়। ফেডারেল ও স্টেটের আইনে বলা হয়েছে যে, নার্সিং সুবিধা পরিষেবা পাওয়া এবং Medicaid-এর জন্য আবেদন জমা দেওয়া, এই উভয়টি প্রথমবার যে মাসে করা হয়েছে তার আগের 60 মাসের মধ্যে যদি কোনো ব্যক্তি বা ব্যক্তির স্বামী-স্ত্রী কর্তৃক বাজারের ন্যায্য মূল্যের তুলনায় কম দামে সম্পত্তির হাতবদল করা হয়, তাহলে সেই ব্যক্তি একটি নির্দিষ্ট সময়ের জন্য নার্সিং সুবিধা পরিষেবা বা হোম ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবা ছাড়কৃত মূল্যে পাওয়ার জন্য অযোগ্য হতে পারেন। তথ্য লুকিয়ে বা ভুল তথ্য দিয়ে সহায়তা, বেনিফিট বা পরিষেবা গ্রহণ করা বেআইনি।

**সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচির জন্য অযোগ্যতার দণ্ডসমূহ** – সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) জন্য আবেদনের ক্ষেত্রে আপনার প্রদান করা যেকোনো তথ্য ফেডারেল, স্টেট ও স্থানীয় কর্মকর্তারা যাচাই করবেন। যদি কোনো তথ্য ভুল হয়, তাহলে আপনাকে SNAP বেনিফিট প্রদান করতে অস্বীকৃতি জানানো হতে পারে। যদি আপনি জেনেশুনে ভুল তথ্য প্রদান করেন, যা বেনিফিটের যোগ্যতা বা পরিমাণকে প্রভাবিত করে, তাহলে ফৌজদারি আইনের অধীনে আপনার বিচার করা হতে পারে। SNAP অনুমোদন কার্ড বা অ্যাক্সেস ডিভাইস জ্ঞাতসারে ব্যবহার, স্থানান্তর, সংগ্রহ, পরিবর্তন বা সংগ্রহে রাখার অপরাধের জন্য দোষী সাব্যস্ত হওয়া কোনো ব্যক্তির 250,000 ডলার পর্যন্ত জরিমানা, 20 বছর পর্যন্ত কারাদণ্ড বা উভয় দণ্ড হতে পারে। এছাড়াও সেই ব্যক্তি প্রয়োজ্য ফেডারেল ও স্টেট আইনের অধীনে বিচারের সম্মুখীন হতে পারেন। প্রোবেশন বা প্যারোলের কোনো শর্ত ভঙ্গ করছেন এমন ব্যক্তি, অথবা কোনো অপরাধের জন্য বিচারের সম্মুখীন হওয়া, কার্ফিউ বা কারারুদ্ধ হওয়া এড়াতে পলাতক রয়েছেন এবং আইন প্রয়োগকারী সংস্থা সক্রিয়ভাবে তাড়া করছে এমন কোনো ব্যক্তি SNAP বেনিফিট পাওয়ার যোগ্য হবেন না।

যদি আপনি সুবিধা পাওয়ার যোগ্যতা অর্জন করতে অথবা আরো বেশি সুবিধা পেতে মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি প্রদান করেন, বাস্তব সত্যকে ভুলভাবে উপস্থাপন করেন, গোপন করেন অথবা প্রকাশ না করেন; ইচ্ছাকৃতভাবে কোনো পণ্য ফেলে দিয়ে এবং ডিপোজিটের অর্থের জন্য কন্স্টেইনার ফেরত দিয়ে নগদ অর্থ পাওয়ার উদ্দেশ্য নিয়ে SNAP বেনিফিট ব্যবহার করে কোনো পণ্য ক্রয় করেন; অথবা SNAP বেনিফিট, ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) সিস্টেমের অংশ হিসেবে ব্যবহৃত অনুমোদনের কার্ড বা পুনর্ব্যবহারযোগ্য ডকুমেন্ট ব্যবহার করা, উপস্থাপন করা, স্থানান্তর করা, সংগ্রহ করা, গ্রহণ করা, নিজের কাছে রাখা অথবা পাচার করার উদ্দেশ্যে, ফেডারেল বা স্টেট আইনের লঙ্ঘন হিসেবে বিবেচিত হয় এমন কোনো কাজ করেন অথবা করার চেষ্টা করেন, তাহলে আপনি SNAP-এর জন্য অযোগ্য বিবেচিত হতে পারেন অথবা ইচ্ছাকৃতভাবে কর্মসূচি লঙ্ঘন করেছেন (Intentional Program Violation, IPV) বলে বিবেচিত হতে পারেন। সেইসাথে, নিম্নলিখিত কাজগুলোর অনুমতি নেই এবং নিম্নলিখিত কাজগুলোর জন্য আপনি SNAP বেনিফিট পাওয়ার জন্য অযোগ্য বিবেচিত হতে পারেন এবং/অথবা দণ্ডের সম্মুখীন হতে পারেন:

- খাবার নয় এমন জিনিস, যেমন অ্যালকোহল বা সিগারেট ক্রয় করার জন্য SNAP বেনিফিট ব্যবহার করা;
- পূর্বে ক্রেডিটে ক্রয় করা খাবারের মূল্য পরিশোধ করার জন্য SNAP বেনিফিট ব্যবহার করা;
- নগদ অর্থ, অ্যাপ্লেয়ার, গোল্ডবার্গ বা বিস্কোরক, বা মাদকের বিনিময়ে, অথবা আপনার SNAP পরিবারের সদস্য নয় এমন ব্যক্তির জন্য খাবার ক্রয় করার জন্য অন্য কোনো ব্যক্তিকে আপনার EBT কার্ড ব্যবহার করতে দেওয়া; অথবা
- কার্ডের মালিকের সম্মতি ছাড়া আপনার নিজের নয় এমন কোনো EBT কার্ড ব্যবহার করা অথবা আপনার কাছে রাখা।

প্রশাসনিক সিদ্ধান্তের মাধ্যমে যোগ্যতা বাতিলকরণের শুনানি অথবা কোনো ফেডারেল, স্টেট বা স্থানীয় আদালতের মাধ্যমে কোনো IPV-এর কাজ করেছেন এমন ব্যক্তি, অথবা প্রশাসনিক সিদ্ধান্তের মাধ্যমে যোগ্যতা বাতিলকরণের শুনানির অধিকার ত্যাগ করার জন্য স্বাক্ষর করেছেন অথবা প্রসিকিউশনের জন্য রেফার করা হয়েছে এমন মামলায় যোগ্যতা বাতিলকরণের সম্মতিতে স্বাক্ষর করেছেন এমন ব্যক্তি নিম্নোক্ত সময়কালের জন্য SNAP-এ অংশগ্রহণ করার অযোগ্য হবেন:

- *প্রথম* SNAP IPV-এর জন্য 12 মাস;
  - *দ্বিতীয়* SNAP IPV-এর জন্য 24 মাস;
  - *প্রথম* SNAP IPV-এর জন্য 24 মাস, যেটি আদালতের এই বিষয়টি জানতে পারার ভিত্তিতে যে উক্ত ব্যক্তি নিয়ন্ত্রিত বস্তু (বেআইনি ওষুধ অথবা ডাক্তারের প্রেসক্রিপশন থাকা বাধ্যতামূলক এমন নির্দিষ্ট কিছু ওষুধ) বিক্রির সাথে সম্পৃক্ত লেনদেনে SNAP বেনিফিট ব্যবহার করেছেন বা গ্রহণ করেছেন; অথবা
  - যদি উক্ত ব্যক্তি একই সময়ে একাধিক SNAP বেনিফিট পাওয়ার জন্য নিজের পরিচয় অথবা তিনি কোথায় বসবাস করেন সে ব্যাপারে জাল বিবৃতি দিয়েছেন বলে জানা যায়, তাহলে 120 মাস, যদি না তৃতীয় একটি SNAP IPV-এর কারণে স্থায়ীভাবে যোগ্যতা বাতিল করা হয়।
- পাশাপাশি, একটি কোর্ট যেকোনো ব্যক্তিতে আরো 18 মাসের জন্য SNAP-এ অংশগ্রহণ করা থেকে নিষিদ্ধ করতে পারে।

নিম্নলিখিত ক্ষেত্রে কোনো ব্যক্তির SNAP বেনিফিট পাওয়ার যোগ্যতা স্থায়ীভাবে বাতিল করা হতে পারে:

- *প্রথম* SNAP IPV-এর জন্য, যেটি আদালতের এই বিষয়টি জানতে পারার ভিত্তিতে যে উক্ত ব্যক্তি অ্যাপ্লেয়ার, গোল্ডবার্গ বা বিস্কোরক বিক্রির সাথে সম্পৃক্ত লেনদেনে SNAP বেনিফিট ব্যবহার করেছেন বা গ্রহণ করেছেন;
- *প্রথম* SNAP IPV-এর জন্য, যেটি সর্বমোট 500 ডলার বা তার চেয়ে বেশি মূল্যমানের SNAP বেনিফিট পাচার করার অপরাধে আদালতের প্রদত্ত দণ্ডের ভিত্তিতে (পাচারের মধ্যে SNAP অনুমোদনের কার্ড বা অ্যাক্সেস ডিভাইসগুলোর বেআইনি ব্যবহার, স্থানান্তর, অধিগ্রহণ, পরিবর্তন বা অধিকারী হওয়া অন্তর্ভুক্ত রয়েছে);
- *দ্বিতীয়* SNAP IPV-এর জন্য, যেটি আদালতের এই বিষয়টি জানতে পারার ভিত্তিতে যে উক্ত ব্যক্তি নিয়ন্ত্রিত বস্তু (বেআইনি ওষুধ অথবা ডাক্তারের প্রেসক্রিপশন থাকা বাধ্যতামূলক এমন নির্দিষ্ট কিছু ওষুধ) বিক্রির সাথে সম্পৃক্ত লেনদেনে SNAP বেনিফিট ব্যবহার করেছেন বা গ্রহণ করেছেন; অথবা
- একটি *তৃতীয়* SNAP IPV।

**পরিবারের ব্যয় সম্পর্কে রিপোর্ট করা/যাচাই করার আবশ্যিকতা** – আপনার পরিবারকে অবশ্যই চাইল্ড কেয়ার এবং ইউটিলিটি সংক্রান্ত ব্যয়ের জন্য সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) কর্তন পাওয়ার জন্য এসব ব্যয় সম্পর্কে রিপোর্ট করতে হবে। ভাড়া/মর্টগেজের পেমেন্ট, সম্পত্তির ট্যাক্স, বিমা, মেডিকেল খরচ এবং পরিবারের বাইরের কোনো সদস্যকে প্রদত্ত চাইল্ড সাপোর্টের ক্ষেত্রে এইসকল ব্যয়ের SNAP কর্তন পাওয়ার জন্য আপনার পরিবারকে অবশ্যই এগুলোর ব্যাপারে রিপোর্ট ও যাচাই করতে হবে। উল্লিখিত খরচ রিপোর্ট/যাচাই করতে ব্যর্থ হলে তা আপনার পরিবারের তরফ থেকে একটি বিবৃতি হিসেবে ধরা হবে যে আপনি রিপোর্ট না করা/যাচাই না করা এসব খরচের জন্য কোনো কর্তন পেতে চান না। এসব ব্যয়ের জন্য কর্তন আপনাকে SNAP-এর

জন্য যোগ্য করে তুলতে পারে অথবা আপনার SNAP বেনিফিট বাড়তে পারে। আপনি ভবিষ্যতে যেকোনো সময় এসব ব্যয় রিপোর্ট/ঘাচাই করতে পারবেন। এরপর এই কর্তন পরিবর্তন সম্পর্কে জানানোর নিয়ম অনুযায়ী (উপরে পরিবর্তন সম্পর্কে জানানো অংশে দেখুন) ভবিষ্যতে মাসগুলোর SNAP বেনিফিট হিসাব করার ক্ষেত্রে প্রয়োগ করা হবে।

**সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির অনুমোদিত প্রতিনিধি** – আপনার পরিবারের পরিস্থিতি সম্পর্কে জানেন এমন কোনো ব্যক্তিকে আপনি আপনার জন্য সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) বেনিফিটের জন্য আবেদন করার জন্য অনুমোদন দিতে পারেন। এছাড়াও আপনি আপনার পরিবারের বাইরের কোনো ব্যক্তিকে আপনার জন্য SNAP গ্রহণ করা অথবা আপনার জন্য খাবার ক্রয় করতে সেগুলো ব্যবহার করার জন্য অনুমোদন দিতে পারেন। আপনি যদি কাউকে অনুমোদন করতে চান, তাহলে আপনাকে অবশ্যই লিখিতভাবে তা করতে হবে। আপনি এর ঠিক নিচে কোনো ব্যক্তির নাম, ঠিকানা, এবং ফোন নম্বর লিখে, এবং তাকে দিয়ে এই আবেদনপত্রের শেষে স্বাক্ষর বিভাগে স্বাক্ষর করিয়ে তাকে অনুমোদন দিতে পারেন। কোনো অনুমোদিত প্রতিনিধি যখন এমন SNAP পরিবারের পক্ষে আবেদন করবেন যারা কোনো প্রতিষ্ঠানে থাকেন না, তখন অনুমোদিত প্রতিনিধি এবং পরিবারটির কোনো দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক সদস্য অবশ্যই এই আবেদনপত্রের শেষে স্বাক্ষর বিভাগে স্বাক্ষর করে তারিখ দেবেন, যদি না SNAP পরিবারটি অন্যথায় অনুমোদিত প্রতিনিধিকে লিখিতভাবে তা করার জন্য মনোনীত করে থাকে।

**অনুমোদিত প্রতিনিধির নাম, ঠিকানা এবং ফোন নম্বর (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন):**

**স্ট্যান্ডার্ড ইউটিলিটি ভাতা** – আমি বুঝতে পেরেছি যে সরকারি সহায়তা এবং সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) গ্রহীতারা শ্রেণিগতভাবে আয় বিবেচনায় গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির (HEAP) জন্য যোগ্য। আমি এও বুঝেছি যে, আমি এই মাসে বা আগের 12 মাসে 20 ডলারের বেশি HEAP বেনিফিট বা অনুরূপ কোনো এনার্জি অ্যাসিস্ট্যান্স বেনিফিট পাইনি, SNAP-এর জন্য হিটিং/কুলিংয়ের স্ট্যান্ডার্ড ইউটিলিটি ভাতা (অর্থাৎ, একটি কর্তন) পেতে আমাকে অবশ্যই আমার ভাড়া থেকে আলাদা করে হিটিং অথবা এয়ার কন্ডিশনিংয়ের জন্য টাকা দিতে হবে। আমি বুঝতে পারছি যে স্টেট আমার সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করে আমার বাড়িতে বিদ্যুৎ সরবরাহকারীর সাথে আমার HEAP প্রাপ্তির বিষয়টি ঘাচাই করবে। এই অনুমোদনের মধ্যে আমার বাড়িতে বিদ্যুৎ (আমার ইউটিলিটি সহ) সরবরাহকারী যেকোনো ভেণ্ডরের জন্য নির্দিষ্ট কিছু পরিসংখ্যানগত তথ্য প্রকাশ করার অনুমতিও অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে লো ইনকাম হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের পারফরম্যান্স মূল্যায়নের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স, স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্ট ও ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর কাছে আমার বার্ষিক বিদ্যুৎ ব্যবহার, বিদ্যুতের খরচ, জ্বালানি খরচ, জ্বালানির ধরন, জ্বালানির বার্ষিক খরচ এবং পেমেন্টের ইতিহাস প্রকাশ করা, কিন্তু এগুলোর মধ্যেই সীমিত নয়।

**মেডিকেল তথ্য প্রকাশ** – আমি আমার প্রাথমিক সেবা প্রদানকারী, অন্য কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী অথবা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (DOH) কর্তৃক আমার হেলথ প্ল্যান এবং আমার ও আমার পরিবারের জন্য সেবা প্রদান করার কাজে সম্পৃক্ত যেকোনো স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে, আমার হেলথ প্ল্যান অথবা আমার সেবা প্রদানকারীদের চিকিৎসা, পেমেন্ট, বা স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করার জন্য যুক্তিসঙ্গত প্রয়োজন সাপেক্ষে; আমার হেলথ প্ল্যান এবং যেকোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্তৃক DOH এবং অন্যান্য অনুমোদিত ফেডারেল, স্টেট, ও স্থানীয় সংস্থাগুলোর কাছে Medicaid পরিচালনার উদ্দেশ্যে; এবং হেলথ প্ল্যান কর্তৃক অন্যান্য ব্যক্তি বা সংস্থার কাছে, আমার হেলথ প্ল্যান কর্তৃক চিকিৎসা, পেমেন্ট, বা স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করার জন্য যুক্তিসঙ্গত প্রয়োজন সাপেক্ষে, আমার সম্পর্কে এবং আমার পরিবারের যেসব সদস্যের জন্য আমি সম্মতি প্রদান করতে পারি তাদের সম্পর্কে যেকোনো মেডিকেল তথ্য প্রকাশ করার ব্যাপারে সম্মতি দিচ্ছি। আমি আমার সম্পর্কে এবং আমার পরিবারের যেসব সদস্যের জন্য আমি আইনিভাবে সহায়তা ও পরিষেবাসমূহ প্রদান করার সাথে সম্পর্কিত অনুমোদন প্রদান করতে পারি তাদের সম্পর্কে যেকোনো স্বাস্থ্য সংক্রান্ত তথ্য এবং কাজ করার ক্ষেত্রে, যেমন কর্মসংস্থানের জন্য, আমার অংশগ্রহণের সক্ষমতার কথা, নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (OTDA) কাছে, নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পারিবারিক পরিষেবা অফিস (Office of Children and Family Services)-এর কাছে অথবা স্থানীয় সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের কাছে, সরকারি সহায়তার বেনিফিটসমূহ প্রদান করার জন্য; পরিষেবাসমূহের জন্য, যেমন চাইল্ড ওয়েলফেয়ার সার্ভিস; যথোপযুক্ত কার্যক্রম নিযুক্ত করার বিষয়টি নির্ণয়ের জন্য; সম্পূরক নিরাপত্তা আয় সুবিধার জন্য আবেদন করার প্রয়োজন নির্ণয় করা এবং এটির জন্য আবেদন করার জন্য; চাকরিতে নিয়োগযোগ্যতা পুনরুদ্ধারের জন্য যথাযথ চিকিৎসা পরিকল্পনা প্রতিষ্ঠা করার জন্য; এবং নগদ অর্থ সহায়তা প্রাপ্তির জন্য স্টেটের ষাট মাসের সময় সীমা থেকে অব্যাহতির যোগ্যতা নির্ণয়ের জন্য, যুক্তিসঙ্গত প্রয়োজন সাপেক্ষে, প্রকাশ করার অনুমোদন প্রদান করছি। সামাজিক সুরক্ষা প্রশাসন (Social Security Administration) দ্বারা পরিচালিত বেনিফিটের জন্য আমার আবেদন করা আবশ্যিক হলে, উপরোক্ত তথ্য সামাজিক সুরক্ষা প্রশাসনের সাথে শেয়ার করা হতে পারে। আমি আরো সম্মতি দিচ্ছি যে, প্রকাশিত তথ্যের মধ্যে, আইন দ্বারা অনুমোদিত সীমার মধ্যে, আমার এবং আমার পরিবারের সদস্যদের HIV, মানসিক স্বাস্থ্য বা অ্যালকোহল ও মাদকদ্রব্যের অপব্যবহারের তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে, যদি না নিচের একটি বক্সে টিকচিহ্ন দেওয়া থাকে। পরিবারের একজনের বেশি প্রাপ্তবয়স্ক সদস্য একটি Medicaid স্বাস্থ্য পরিকল্পনায় যোগ্য দিলে, তথ্য প্রকাশে সম্মতি দেওয়ার জন্য আবেদনকারী প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তির স্বাক্ষর দেওয়া আবশ্যিক। আমি বুঝেছি যে, কোনো অপ্রাপ্তবয়স্ক শিশু যার হয়ে আমি সম্মতি দেওয়ার অধিকারী তার সম্পর্কিত তথ্য প্রকাশের ক্ষেত্রে আমার সক্ষমতা তার চিকিৎসা, রোগ নির্ণয় এবং প্রক্রিয়াসমূহ সম্পর্কে তার পক্ষ থেকে আমি যতটা তথ্য সংগ্রহ করতে পারি তার মধ্যেই সীমিত থাকবে।

\_\_\_\_\_ HIV/AIDS-এর তথ্য প্রকাশ করবেন না  
\_\_\_\_\_ মানসিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্য প্রকাশ করবেন না

\_\_\_\_\_ মাদক ও অ্যালকোহল সংক্রান্ত তথ্য প্রকাশ করবেন না

**স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছে তথ্য প্রকাশ** – আমার স্বাস্থ্যসেবার মান এবং সার্বিক সুস্থতা উন্নত করার উদ্দেশ্যে, এবং আমি অথবা আমার পরিবারের সদস্যরা পাওয়ার যোগ্য হতে পারেন এমন বাড়তি বেনিফিটসমূহ প্রাপ্তি সহজ করার উদ্দেশ্যে, আমি সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট এবং নিউ ইয়র্ক স্টেটকে, সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট বা নিউ ইয়র্ক স্টেট কর্তৃক মনোনীত স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সঙ্গে, আমার অথবা আমার পরিবারের যেসব সদস্যের জন্য আমি আইনিভাবে অনুমোদন প্রদান করতে পারি তাদের পাওয়া অথবা পাওয়ার যোগ্যতা রাখা সরকারি সহায়তার সুবিধাসমূহের ব্যাপারে তথ্য শেয়ার করার অনুমতি দিচ্ছি।

**আর্লি ইন্টারভেনশন কর্মসূচির (EARLY INTERVENTION PROGRAM) জন্য তথ্য প্রকাশ –** যদি আমার সন্তানকে নিউ ইয়র্ক স্টেট আর্লি ইন্টারভেনশন কর্মসূচির জন্য মূল্যায়ন করা হয় অথবা সে এই কর্মসূচিতে অংশগ্রহণ করে, তাহলে আমি সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট এবং নিউ ইয়র্ক স্টেটকে আমার সন্তানের Medicaid সংক্রান্ত যোগ্যতার তথ্য Medicaid-এর বিলিং-এর উদ্দেশ্যে আমার কাউন্টি বা মিউনিসিপ্যালিটির আর্লি ইন্টারভেনশন কর্মসূচির সঙ্গে শেয়ার করার অনুমতি দিচ্ছি।

**শিশুদের/কিশোর-কিশোরীদের স্বাস্থ্য কর্মসূচি (CHILD/TEEN HEALTH PROGRAM) –** আমি বুঝতে পেরেছি যে, যদি আমার সন্তান Medicaid-এ থাকে, তাহলে সে শিশুদের/কিশোর-কিশোরীদের স্বাস্থ্য কর্মসূচির মাধ্যমে অপরিহার্য সব চিকিৎসা সহ সমন্বিত প্রাথমিক ও প্রতিরোধমূলক সেবা পাবে। আমি সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের কাছ থেকে এই কর্মসূচি সম্পর্কে আরো তথ্য পেতে পারি।

**মেডিকেশ্যর –** আমার Medicaid-এর জন্য যোগ্য থাকাকালীন সময়ে আমাকে প্রদান করা চিকিৎসা এবং অন্যান্য স্বাস্থ্য পরিষেবার জন্য ভবিষ্যতের পরিশোধ না করা যেকোনো বিলের জন্য আমি "মেডিকেশ্যর" (শিরোনাম XVIII-এর অংশ B, সম্পূর্ণক মেডিকেল বিমা কর্মসূচি (Supplementary Medical Insurance Program))-এর অধীনে সরাসরি চিকিৎসক ও মেডিকেল সাপ্লায়ারদেরকে অর্থ প্রদান করার অনুমোদন দিচ্ছি।

**Medicaid-এর আওতায় মেডিকেল খরচের ব্যয় পরিশোধের অর্থ ফেরত পাওয়া –** আমি বুঝতে পেরেছি যে আমার Medicaid আবেদনের অংশ হিসেবে, অথবা আমার আবেদনের তারিখের দুই বছরের মধ্যে, আমি যে মাসে আবেদন করেছি তার আগের তিন মাস সময়ের মধ্যে প্রাপ্ত কভারকৃত মেডিকেল সেবা, পরিষেবাসমূহ ও সাপ্লাইয়ের জন্য আমার পরিশোধ করা অর্থ ফেরত পাওয়ার জন্য অনুরোধ করার অধিকার আমার রয়েছে। আমি বুঝতে পেরেছি যে আমার আবেদনের তারিখের পরে, কভার করা মেডিকেল সেবা, পরিষেবাসমূহ ও সাপ্লাইয়ের জন্য আমার পরিশোধ করা অর্থ কেবল তখনই ফেরত পাওয়া যাবে যদি সেগুলো Medicaid-এর তালিকাভুক্ত সেবা প্রদানকারীদের কাছ থেকে গ্রহণ করা হয়ে থাকে।

**বিমা/অন্যান্য সুবিধা নিযুক্তকরণ এবং সরাসরি পেমেন্ট –** সরকারি সহায়তা এবং Medicaid-এর জন্য, আমি স্বাস্থ্য বা দুর্ঘটনা সংক্রান্ত বিমা সুবিধার যেকোনো দাবি জমা দিতে সম্মত আছি, এবং আমার পাওয়ার অধিকার থাকতে পারে এমন ব্যক্তিগত আঘাতপ্রাপ্তি সংক্রান্ত যেকোনো দাবি বা অন্য কোনো সংস্থানের দাবি জমা দিতে সম্মত আছি, এবং এই আবেদনটি যে সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের কাছে করা হয়েছে সেটিকে আমি এই মর্মে এধরনের যেকোনো সংস্থান নিযুক্ত করছি। সেইসাথে, আমি যে সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের কাছে এই আবেদন করছি তাদের কাছে অন্য কোনো বরাদ্দকৃত বেনিফিট লভ্য করে তোলার ক্ষেত্রে আমি সহায়তা করবো।

আমি স্বাস্থ্য বা দুর্ঘটনা সংক্রান্ত বিমা সুবিধার জন্য আমার বা আমার পরিবারের সদস্যদের প্রাপ্য অর্থ আমাদের Medicaid-এর জন্য যোগ্য থাকাকালীন সময়ে প্রদত্ত মেডিকেল এবং অন্যান্য স্বাস্থ্য পরিষেবার জন্য সরাসরি যথাযথ সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টকে প্রদান করতে অনুমোদন দিচ্ছি।

**Medicaid পুনরুদ্ধার –** Medicaid প্রাপ্তির পর, একটি লিয়েন জমা দেওয়া যেতে পারে এবং নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে আপনার স্বাবর সম্পত্তির বিপরীতে পুনরুদ্ধার করা যেতে পারে, যদি আপনি কোনো মেডিকেল প্রতিষ্ঠানে থাকেন এবং বাড়ি ফিরে আসার প্রত্যাশা না থাকে। আপনার পক্ষে প্রদান করা MA এমন কোনো ব্যক্তির কাছ থেকে পুনরুদ্ধার করা যেতে পারে যার আইনি দায়িত্ব ছিল মেডিকেল পরিষেবা গ্রহণ করার সময়ে আপনাকে সহায়তা করা। এছাড়াও পরিষেবার খরচ এবং ভুলভাবে পরিশোধ করা প্রিমিয়াম MA পুনরুদ্ধার করতে পারে।

আমি বুঝতে পেরেছি যে 1 এপ্রিল, 2014 তারিখ থেকে কার্যকর হওয়া নিয়ম অনুযায়ী, যদি আমি নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের মাধ্যমে Medicaid পাই, তাহলে:

- আমার মৃত্যুর আগে আমার স্বাবর সম্পত্তির উপর কোনো লিয়েন স্থাপন করা হবে না।
- আমার মৃত্যুর পর আমার সম্পত্তি থেকে পুনরুদ্ধারের পরিমাণ আমার 55তম জন্মদিনে বা তার পরে গৃহীত নার্সিং হোমের সেবা, বাড়িতে এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ, এবং সংশ্লিষ্ট হাসপাতাল ও প্রেসক্রিপশননের ওষুধের পরিষেবার খরচের জন্য Medicaid-এর প্রদান করা অর্থের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

**সরকারি সহায়তা পুনরুদ্ধার –** আপনার নিজের জন্য এবং আপনি আইনিভাবে যেসব ব্যক্তির জন্য দায়িত্বশীল তাদের জন্য আপনার গ্রহণ করা সরকারি সহায়তা (PA) আপনার কাছে রয়েছে অথবা আপনার কাছে আসতে পারে এমন অর্থ থেকে পুনরুদ্ধারযোগ্য। আপনার ট্যাক্স রিফান্ড এবং লটারিতে জেতা অর্থের অংশ আপনার PA-এর ঋণ পরিশোধ করার জন্য গ্রহণ করা হতে পারে।

**ভূতাপেক্ষ সম্পূর্ণ নিরাপত্তা আয় থেকে সরকারি সহায়তা সুবিধা পরিশোধ করার অনুমোদন –** আমি SSI-এর জন্য যোগ্য কিনা SSA কর্তৃক সে সিদ্ধান্ত গ্রহণ করাকালীন সময়ে স্টেট বা স্থানীয় তহবিল থেকে SSD (Social Services District) কর্তৃক আমাকে প্রদান করা সরকারি সহায়তার (PA) অর্থ পরিশোধের জন্য, আমি সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশনের (SSA) কমিশনারকে আমার সম্পূর্ণ নিরাপত্তা আয়ের (SSI) প্রথম পেমেন্ট; অর্থাৎ আমার ভূতাপেক্ষ SSI পেমেন্ট স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টকে (SSD) প্রদান করার অনুমোদন দিচ্ছি। SSA PA-এর জন্য SSD-কে ব্যয়পরিশোধ করবে না, যা যেকোনো ফেডারেল তহবিল ব্যবহার করে প্রদান করা হয়েছে।

যদি স্টেট SSA-কে নোটিশ দেয় যে আমি এবং SSD-এর একজন প্রতিনিধি এই অনুমোদনে স্বাক্ষর করেছি তাহলেই কেবল এটির বাধ্যবাধকতা আমার উপর বর্তাবে। আমার স্টেটের রেকর্ডের সঙ্গে আমার SSI এর রেকর্ড ম্যাচ করার 30 পঞ্জিকা দিবসের মধ্যে স্টেটকে অবশ্যই বিজ্ঞপ্তি পাঠাতে হবে। 30 পঞ্জিকা দিবস পরে SSA এটি গ্রহণ করবে না। বরং, SSA আমাকে SSA-এর নিয়ম অনুসারে আমার ভূতাপেক্ষ SSI পেমেন্ট পাঠাবে।

শুধু আমার প্রথম SSI পেমেন্ট ব্যবহার করা যাবে। যদি আমার প্রথম পেমেন্ট SSD-তে বাকি থাকা পরিমাণের থেকে বেশি হয়, তাহলে SSA তাদের আইনের অধীনে অবশিষ্ট অর্থ আমাকে পাঠাবে।

SSA দু'টি ক্ষেত্রে SSD-কে ব্যয়পরিশোধ করতে পারে :

- (1) যদি আমি SSI-এর জন্য আবেদন করি এবং SSA আমাকে যোগ্য বলে বিবেচনা করে, তাহলে এটি SSD-কে ব্যয়কৃত অর্থ পরিশোধ করবে।
- (2) যদি আমার SSI সুবিধা সমাপ্ত হওয়া বা স্থগিত হয়ে যাওয়ার পরে পুনরায় বহাল হয়, তাহলে এটি SSD-কে ব্যয়কৃত অর্থ পরিশোধ করবে।

SSA PA-এর জন্য তখনই SSD-কে ব্যয়পরিশোধ করবে যদি SSA-এর যোগ্যতা নির্ণয়ের জন্য আমার অপেক্ষার সময় পেমেন্ট করা হয়ে থাকে। এটাকে বলা হয় "অন্তর্বর্তীকালীন সহায়তা।" এই সময়কাল শুরু হয়: 1) আমি SSI সুবিধার পেমেন্ট পাওয়ার জন্য যোগ্য হওয়ার প্রথম মাস থেকে; অথবা 2) আমার SSI স্থগিত হয়ে যাওয়া বা সমাপ্ত হয়ে যাওয়ার পরে পুনরায় বহাল হওয়ার পরে প্রথম দিন থেকে। এই সময়ের মধ্যে যে মাসে SSI পেমেন্ট প্রকৃতপক্ষে শুরু হয়েছে সেটিও অন্তর্ভুক্ত রয়েছে। যদি SSD আমার শেষ PA পেমেন্ট থামাতে না পারে, তাহলে পরের মাসে সময়সীমা শেষ হবে।

SSA SSD-কে ব্যয়পরিশোধের পরে সর্বোচ্চ 10 দিনের মধ্যে, SSD অবশ্যই আমাকে একটা বিজ্ঞপ্তি পাঠাবে যেখানে প্রদত্ত অন্তর্বর্তীকালীন সহায়তা পেমেন্টের পরিমাণ সম্পর্কে আমাকে জানানো হবে। এই বিজ্ঞপ্তি আমাকে আরো জানাবে যে, SSI-এর জন্য আমার পাওনা যেকোনো অবশিষ্ট টাকা SSA আমাকে কিভাবে পাঠাবে তা জানিয়ে SSA কিভাবে আমাকে একটি চিঠি পাঠাবে এবং, যদি আমি স্টেটের কোনো সিদ্ধান্তের সাথে সহমত না হই, তাহলে আমি কিভাবে স্টেটের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারি।

SSA-এর আইনের অধীনে, আমি যে তারিখে এই অনুমোদনে স্বাক্ষর করেছি সেই তারিখকে আমি প্রথম SSI-এর জন্য যোগ্য হয়েছি বলে SSA ব্যবহার করতে পারে। আমি পরবর্তী 60 দিনের মধ্যে SSI-এর জন্য আবেদন করলেই কেবল তারা এটি করবে।

এই অনুমোদন SSA-এর কাছে এখন আমার অমীমাংসিত যেকোনো SSI আবেদন বা আপিলের ক্ষেত্রে প্রযোজ্য হবে। যদি আমার SSI কেসের সিদ্ধান্ত সম্পূর্ণভাবে নেওয়া হয়ে থাকে তাহলে এই অনুমোদন সমাপ্ত হবে। SSA আমাকে প্রথমবার পেমেন্ট করলে এটি সমাপ্ত হবে। এছাড়াও স্টেট এবং আমি এই অনুমোদন সমাপ্ত করতে সম্মত হতে পারি। এই অনুমোদন সমাপ্ত হওয়ার পরে আমি আবার SSI-এর জন্য আবেদন করলে, অথবা আমার অমীমাংসিত SSI আবেদন বা আপিল থাকার সময় SSI-এর জন্য নতুন দাবি নথিভুক্ত করলে আমাকে নিউ ইয়র্ক স্টেটের নিয়ম-কানূনের সাথে সামঞ্জস্যপূর্ণ নতুন একটি অনুমোদনে স্বাক্ষর করতে হবে।

যদি ব্যয়ের অর্থ পরিশোধের ব্যাপারে SSD কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সঙ্গে আমি ভিন্নমত পোষণ করি, তাহলে আমাকে একটি ন্যায্য শুনানির সুযোগ দেওয়া হবে।

আমি "সামাজিক পরিষেবা কর্মসূচিগুলো সম্পর্কে আপনার যা জানা উচিত" শীর্ষক একটি পুস্তিকার কপি পেয়েছি। অন্তর্বর্তীকালীন সহায়তা সম্পর্কে এতে কী বলা হয়েছে তা আমি বুঝেছি।

**সমর্থন** – পারিবারিক সহায়তা (FA), নিরাপত্তা জাল সহায়তা (SNA) বা শিরোনাম IV-E ফস্টার কেয়ার, অন্য কোনো ব্যক্তির কাছ থেকে সমর্থন পাওয়ার অধিকারসমূহ, যা আবেদনকারী বা গ্রহীতা তার নিজ অধিকারবলে অথবা আবেদনকারী বা গ্রহীতা যে পরিবারের সদস্যের জন্য সহায়তার পাওয়ার আবেদন করছেন অথবা সহায়তা গ্রহণ করছেন সেই ব্যক্তির পক্ষ থেকে পেয়ে থাকতে পারেন, স্টেট এবং সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টকে নিযুক্তকরণ হিসেবে কার্যপরিচালনা করে (সামাজিক পরিষেবা আইন, ধারা 158 ও 348)। এই বরাদ্দ নির্দিষ্ট পরিস্থিতির ক্ষেত্রে সীমিত। এই আবেদনের অন্যান্য সেকশনে অতিরিক্ত বরাদ্দ আছে।

**সমর্থনের অধিকার নিযুক্তকরণ** – আমি বুঝতে পেরেছি যে আমাকে LDSS-5145 ফরম, "চাইল্ড সাপোর্ট পরিষেবার জন্য রেফারাল" প্রদান করা হবে, যেটি পূরণ করে চাইল্ড সাপোর্ট এনফোর্সমেন্ট ইউনিটের কাছে ফেরত দিতে হবে। সহায়তা পাওয়ার জন্য ঘরোয়া সহিংসতা বা অন্য ভালাে কারণ ব্যতীত, আমি বুঝতে পেরেছি যে আমার জন্য যেকোনো নন-কাস্টডিয়াল, দাবিকৃত, বা উদ্ভিষ্ট বাবা বা মায়ের অবস্থান খুঁজে বের করার জন্য; অবিবাহিত বাবা বা মায়ের প্রত্যেক 21 বছরের কম বয়সী সন্তানের জন্য বাবা বা মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠা করার জন্য; এবং সমর্থনের আদেশ প্রতিষ্ঠা করা, পরিবর্তন করা, এবং/অথবা প্রয়োগ করার জন্য, চাইল্ড সাপোর্ট এনফোর্সমেন্ট ইউনিটের সঙ্গে সহযোগিতা করা আবশ্যিক। আমি আরো বুঝতে পেরেছি যে আমাকে LDSS-4279 ফরম, "সমর্থনের জন্য দায়িত্বশীলতা ও অধিকারসমূহের নোটশ" প্রদান করা হবে, যেখানে আমি চাইল্ড সাপোর্ট এনফোর্সমেন্ট ইউনিটের সঙ্গে সহযোগিতা না করলে আমার দায়িত্ব ও অধিকারসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

আমি আমার সমর্থনের জন্য আইনি দায়িত্ব থাকা ব্যক্তিদের সহায়তার জন্য এবং আমার পরিবারের যেকোনো সদস্যের পক্ষ থেকে, যার জন্য আমি আবেদন করছি বা যার জন্য সহায়তা পাচ্ছি তাদের যে কোনো অধিকার স্টেট ও সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টকে অর্পণ করছি। পারিবারিক সহায়তা বা সেফটি নেট অ্যাসিস্ট্যান্সের জন্য আবেদন করা বা সহায়তা পাওয়ার সময়, আমার সহায়তার অধিকার অর্পণ করা এমন সহায়তাগুলির মধ্যেই সীমিত থাকবে যেগুলি আমি এবং/অথবা পরিবারের অন্য কোনো সদস্য সহায়তা পাওয়াকালীন সময়ে ঘটে থাকে। তবে, আমার বা পরিবারের অন্য কোনো সদস্যের হয়ে আমি 1 অক্টোবর, 2009-এর আগে স্টেটকে যে সহায়তার অধিকার অর্পণ করেছি তা স্টেটকে অর্পণ করা হয়েছে হিসেবে অব্যাহত থাকবে।

**গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি** – আমি বুঝতে পেরেছি যে এই আবেদন/সার্টিফিকেশনে স্বাক্ষর করার মাধ্যমে, আমি গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির (HEAP) সুবিধাসমূহের ক্ষেত্রে যেকোনো অনুমোদিত সরকারি সংস্থা কর্তৃক আমার প্রদান করা তথ্য যাচাই বা নিশ্চিত করার জন্য যেকোনো তদন্ত এবং অন্যান্য তদন্ত পরিচালনা করার ব্যাপারে সম্মতি দিচ্ছি। আমি এই আবেদনে প্রদত্ত তথ্যগুলি লভ্য আবহাওয়া সহায়তা কর্মসূচি এবং আমার ইউটিলিটি কোম্পানির স্বল্প আয়ের কর্মসূচিগুলির রেফারেলগুলিতে ব্যবহার করার অনুমতি দিতে সম্মতি জানাচ্ছি।

আমি বুঝতে পারছি যে স্টেট আমার সোশাল সিকিউরিটি নম্বর ব্যবহার করে আমার বাড়িতে বিদ্যুৎ সরবরাহকারীর সাথে আমার HEAP প্রাপ্তির বিষয়টি যাচাই করবে। এই অনুমোদনের মধ্যে আমার বাড়িতে বিদ্যুৎ (আমার ইউটিলিটি সহ) সরবরাহকারী যেকোনো ভেঙের জন্য নির্দিষ্ট কিছু পরিসংখ্যানগত তথ্য প্রকাশ করার অনুমতিও অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে লো ইনকাম হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের পারফরম্যান্স মূল্যায়নের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স, স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্ট ও ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর কাছে আমার বার্ষিক বিদ্যুৎ ব্যবহার, বিদ্যুতের খরচ, জ্বালানি খরচ, জ্বালানির ধরন, জ্বালানির বার্ষিক খরচ এবং পেমেন্টের ইতিহাস প্রকাশ করা, কিন্তু এগুলোর মধ্যেই সীমিত নয়।

**যৌন নিপীড়ন সংক্রান্ত তথ্য** – যদি আপনি যৌন নিপীড়নের ভুক্তভোগী হন, তাহলে আপনার সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের কাছ থেকে রেফারালের তথ্য চেয়ে অনুরোধ করার অধিকার রয়েছে। আপনি যদি রেফারালের তথ্যের জন্য অনুরোধ করেন, তাহলে সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্ট অবশ্যই আপনাকে নিম্নলিখিত যেকোনো ঠিকানা ও ফোন নম্বর প্রদান করবে: 1) স্থানীয় যেসব হাসপাতাল নিউ ইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্ট দ্বারা প্রত্যাখিত যৌন নির্যাতনের ফরেনসিক পরীক্ষক সেবা প্রদান করে; 2) স্থানীয় ধর্ম সংকট কেন্দ্র; এবং 3) যৌন আক্রমণের শিকার হওয়া ব্যক্তিদের জন্য উপযুক্ত স্থানীয় অ্যাডভোকেসি, কাউন্সেলিং, ও হটলাইন সেবা। সেইসাথে, সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্ট অবশ্যই আপনাকে যৌন আক্রমণ ও পারিবারিক সহিংসতার জন্য NYS-এর হটলাইন নম্বর প্রদান করবে: (800) 942-6906 ও (800) 818-0656 (TTY)।

**চাইল্ড কেয়ার সহায়তার জন্য সার্টিফিকেশন** – যদি আমি চাইল্ড কেয়ার সহায়তার জন্য আবেদন করি, তাহলে আমি প্রত্যয়ন করছি যে আমার পারিবারিক সম্পদের পরিমাণ 1,000,000 ডলার অতিক্রম করবে না।



আমি উপরোক্ত নোটিশগুলো পড়েছি এবং বুঝতে পেরেছি। আমি উপরোক্ত নিযুক্তকরণ, অনুমোদন এবং সম্মতিগুলো বুঝতে পেরেছি এবং সেগুলোর ব্যাপারে সম্মত রয়েছি। আমি মিথ্যা সাক্ষ্য প্রদানের দণ্ডের বিষয়টি মেনে নিয়ে শপথ করছি এবং/অথবা নিশ্চিত করছি যে আমি সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টকে যে তথ্য প্রদান করেছি বা করবো তা সম্পূর্ণ ও সঠিক।			
আবেদনকারীর স্বাক্ষর	স্বাক্ষর করার তারিখ	স্বামী বা স্ত্রী অথবা সুরক্ষা প্রতিনিধির স্বাক্ষর	স্বাক্ষর করার তারিখ
x		x	
অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর	স্বাক্ষর করার তারিখ		
x			

যদি আপনি এক বা একাধিক কর্মসূচির জন্য আপনার আবেদন প্রত্যাহার করতে চান তাহলেই কেবল নিম্নলিখিতটি পূরণ করুন।

আমি নিম্নলিখিতটির জন্য আমার আবেদন *প্রত্যাহার করতে* সম্মতি দিচ্ছি:

সরকারি সহায়তা (PA)  PA-এর পরিবর্তে চাইল্ড কেয়ার  সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচি (SNAP)  Medicaid ও SNAP

Medicaid ও PA  পরিষেবাসমূহ, যার মধ্যে রয়েছে ফস্টার কেয়ার  চাইল্ড কেয়ার সহায়তা  শুধু জরুরি সহায়তা

আমি বুঝে পারছি যে আমি যেকোনো সময় পুনরায় আবেদন করতে পারবো।

আবেদনকারী/অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর

স্বাক্ষরের তারিখ

x





# NYS সংস্থা ভিত্তিক ভোটার নিবন্ধন ফর্ম

\*আপনি বর্তমানে যেখানে বসবাস করেন সেখানে ভোটারদের জন্য আপনি নাম নথিভুক্ত করে না থাকলে, আপনি কি অতঃপর নাম নথিভুক্ত করার জন্য আবেদন করতে চান?\*

**হ্যাঁ** আপনি **হ্যাঁ** বললে, অনুগ্রহ করে নীচের ভোটার নিবন্ধন আবেদন সম্পূর্ণ করুন

**না** কারণ আমি নিবন্ধন না করা বেছে নিয়েছি **অথবা**

আমি আমার বর্তমান ঠিকানা ইতিমধ্যেই নিবন্ধন করিয়েছি **অথবা**

আমি একটি মেল নিবন্ধন পত্র চেয়েছিলাম এবং তা পেয়েছি

আপনি কোনো বন্ধু কিংবা না দিয়ে থাকলে, ধরে নেওয়া হবে যে আপনি এই ফর্মে ভোটারদের জন্য নাম নিবন্ধন করবেন না বলে ঘির করেছেন।

স্বাক্ষর \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_ / \_\_\_\_\_ / \_\_\_\_\_

অনুগ্রহ করে নাম প্রিন্ট করুন

## গ্রন্থপুর্ন:

ভোটারের জন্য নিবন্ধন আবেদন করা বা নিবন্ধন করতে না চাওয়া এই প্রবেশিক কব্জী আপনাকে দেওয়া সময়সীমার পরিমাপের উপর কোনো প্রভাব ফেলবে না।

ভোটার নিবন্ধনের আবেদনপত্র পূরণ করতে আপনার কোনো সময়সীমার প্রয়োজন হবে, আমরা আপনাকে সাহায্য করব। সময়সীমা আপনাকে কোনো ভাবেই হোক বা কেবল কিনা তা আপনার নিজস্ব ব্যাপারে। আপনি ব্যক্তিগতভাবেও পত্রটি পূরণ করতে পারেন।

Información en español: si le interesa obtener este formulario en español, llame al 1-800-367-8683

中文資料: 若您有興趣索取中文資料表格, 請電: 1-800-367-8683

한국어: 한국어 한국어 양식을 원하시면 1-800-367-8683

으로 전화하십시오.

যদি আপনি এই ফর্মটি বাংলা ভাষায় চান, তাহলে 1-800-367-8683

নম্বরে ফোন করুন

সংস্করণ তারিখ: 05/04/2021

হ্যাঁ, আমার অনুস্থিতি ব্যালটের জন্য আবেদন প্রয়োজন  হ্যাঁ, আমি নির্বাচন দিনের কর্মী হতে ইচ্ছুক

## ভোটার নিবন্ধন আবেদন (পিছনের দিকে নির্দেশাবলী দেওয়া আছে)

অনুগ্রহ করে নীল অথবা কালো কালিতে শিখুন অথবা টাইপ করুন

1	আপনি কি একজন মার্কিন মৃতরাষ্ট্রের নাগরিক? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না আপনার উত্তর না হলে, এই ফর্মটি পূরণ করবেন না।	A) নির্বাচনের দিনের মধ্যে বা তার আগে আপনি কি 18 বছর পূর্ণ করেছেন? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না B) আপনি কি অন্তত 16 বছর বয়সী এবং বোঝেন যে ভোট দেওয়ার জন্য নির্বাচনের দিনের বা তার আগে আপনাকে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে এবং একক নির্বাচনের সময় আপনার বয়স অর্থাৎ বা হওয়া পর্যন্ত আপনার রেজিস্ট্রেশন "অসীমাবদ্ধ" থাকবে এবং আপনি কোনও নির্বাচনে ভোট দিতে পারবেন না? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না	For Board Use Only
3	পরিচয় নাম _____ মাথের মাথের নাম _____ যদি আরও দুটি প্রকারে আপনার উত্তর না হয়, আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন না।	আপনাক্ষর	
4	আপনার বসবাসের ঠিকানা (পোস্ট বক্স নম্বর দেবেন না) _____ আপার্টমেন্ট নং _____	নগর/শহর/গ্রাম _____	জিস কোড _____
5	আপনার মেল পণ্ডারের ঠিকানা (উপরের ঠিকানার থেকে আলাদা হলে) _____ কোড _____	পোস্ট অফিস _____	দেশ _____
6	জন্ম তারিখ _____ 7 লিঙ্গ (প্রিঙ্ক) _____ 8 টেলিফোন (প্রিঙ্ক) _____	ইমেল (প্রিঙ্ক) _____	
10	আপনার ভোট দেওয়া শেষ বছর _____ আপনার ঠিকানা ছিল (হাউস নম্বর, স্ট্রিট এবং শহর উল্লেখ করুন) _____ কর্তৃপক্ষ/রাজ্য _____ নামের নীচে (আপনার এখনকার নামের থেকে আলাদা হলে) _____	9	আইডি নম্বর (প্রযোজ্য বন্ধু কিংবা পিসি দিন এবং আপনার বক্সের প্রদান করুন) <input type="checkbox"/> নিউ ইয়র্ক স্টেট DMV নম্বর _____ <input type="checkbox"/> আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা _____ <input type="checkbox"/> আপনার কোনো নিউ ইয়র্ক স্টেট DMV বা সামাজিক নিরাপত্তা নম্বর নেই _____
11	বাসবাসের স্থান আমি একটি বাসবাসের স্থানে বাস করছি <input type="checkbox"/> ডেমেক্র্যাটিক পার্টি <input type="checkbox"/> রিপাবলিকান পার্টি <input type="checkbox"/> কনজারভেটিভ পার্টি <input type="checkbox"/> ওয়ার্কিং ফ্যামিলি পার্টি <input type="checkbox"/> অন্যান্য _____ আমি কোনও রাজনৈতিক পার্টির সঙ্গে নিবন্ধিত হতে চাই না এবং এরজন্য স্বাধীন ভোটার হতে ইচ্ছুক <input type="checkbox"/> কোনো পার্টি নয়	12	হলফনামা: আমি শপথ করছি বা দৃঢ়ভাবে বলছি • আমি একজন মার্কিন নাগরিক। • আমি নির্বাচনের পূর্বে কমপক্ষে 30 দিন কার্ডিট, শহর বা গ্রামে বসবাস করব। নিউ ইয়র্ক স্টেট ভোটারের নিবন্ধীকৃত হতে আমি সকল প্রয়োজনীয়তা পূরণ করব। • এই লাইনের নীচে এটি আমার স্বাক্ষর অথবা চিহ্ন। • উপরের তথ্যগুলি সত্য, আমি অবগত আছি এই যে এটি যদি সত্য না হয়, আমি দোষী সাব্যস্ত হতে পারি এবং আমার \$5,000 পর্যন্ত জরিমানা এবং/অথবা চার বছর পর্যন্ত জেল হতে পারে। স্বাক্ষর বা কালি দিয়ে চিহ্ন _____ তারিখ _____

## (প্রিঙ্ক) আপনার অঙ্গ এবং কোষ দান করতে নিবন্ধন করুন

পদবি _____	নাম _____	মাথের আনাক্ষর _____	সহোদধন _____
ঠিকানা _____	নগর/শহর/গ্রাম _____	জিস কোড _____	
জন্ম তারিখ _____	লিঙ্গ _____	মাতা _____	পিতা _____
ডোন্ডারের বস _____	উচ্চতা _____	ফুট _____	ইঞ্চি _____
ইমেল _____	DMV বা আইডি NYC নম্বর _____		



নিচে স্বাক্ষর করুন, আপনি প্রত্যয়িত করছেন যে আপনি:

- আপনার বয়স 16 বছর বা তার বেশি
- আপনার সকল অঙ্গ এক কোষ প্রতিস্থাপন, গবেষণা অথবা উভয়ের জন্য দান করার আপনি সম্মত আছেন।
- NYS ডোনেট লাইফ রেজিস্ট্রি (Donate Life Registry) তে নথিভুক্তকরণের জন্য নির্বাচন বোর্ডকে আপনার নাম ও শর্তাঙ্করণ তথ্য প্রদান করার অনুমতি দিচ্ছেন।
- আপনার মৃত্যুর পর রেজিস্ট্রিকে মৃতরাষ্ট্রের নিযুক্তিত অঙ্গ প্রতিস্থাপনকারী সংস্থা এবং NYS এর লাইফলে প্রাথমিক টিম এবং আইসিএস এবং NYS কমিশনার অফ হেলথ (NYS Commissioner of Health) দ্বারা অনুমোদিত জ্ঞানদানের এই তথ্য আবেদন করার অনুমতি দিচ্ছেন।

স্বাক্ষর \_\_\_\_\_

তারিখ \_\_\_\_\_ / \_\_\_\_\_ / \_\_\_\_\_

## নিবন্ধীকরণের জন্য যোগ্যতা

এই গুরুত্বপূর্ণ আপনি ব্যবহার করতে পারেন:

- নিউ ইয়র্ক স্টেটে ভোটাধিকার নিবন্ধীকৃত করণে;
- আপনার নাম এবং/বা ঠিকানা পরিবর্তনে, আপনার শেষ ভোটার পরে যদি কোনো পরিবর্তন হয়ে থাকে;
- রাজনৈতিক দলের সদস্য হওয়া অথবা তালিকাভুক্তকরণে পরিবর্তন;
- আপনি 16 বা 17 বছর বয়সী হন তাহলে আপনি প্রি-রেজিস্টার করতে পারেন।

নিবন্ধীকৃত হতে আপনাকে অবশ্যই হতে হবে:

- ন্যা কি ন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক;
- 18 বছর বয়সী (আপনি 16 এবং 17 বছর বয়সে পূর্ব নিবন্ধে করে ন্যা লের ন্যা লের কিল্ড 18 বছর হওন্যা র আগে ভোটা ট দিতে ন্যা রলেব ন্যা );
- একটি নির্ভরযোগ্য চেনের অন্তর্ভুক্ত 30 দিন আগে ন্যা উক্তি অথনবা নিউ ইয়র্ক সিটির নবা সিদনা হতে হবে;
- কোনো গুরুতর অপরাধের জন্য কারাগারে যাতে না থাকেন;
- ন্যা লেকা ন্যা য় ভেনা টনদা নরে অধিকা র ন্যা বী কনরা চলবে ন্যা ;
- লেকা ন্যা আনন্দা লত দ্ব না নরা অলেয়া গমধ বিবেচিত ন্যা হলে।

## গুরুত্বপূর্ণ!

যদি আপনি বিশ্বাস করেন কেউ আপনার ভোটে নিবন্ধন করার বা নিবন্ধন অস্বীকার করার অধিকারে, আপনার ভোটারের জন্য রেজিস্টার বা রেজিস্টারের আবেদন করার সিদ্ধান্তে আপনার গোপনীয়তার অধিকার বা আপনার নিজস্ব রাজনৈতিক দল বা অন্য রাজনৈতিক দল পছন্দ করার অধিকারে হস্তক্ষেপ করছে তাহলে আপনি নির্বাচন বোর্ডে অভিযোগ জানাতে পারেন:

NYS Board of Elections  
40 North Pearl St, Suite 5  
Albany, NY 12207-2729  
টেলিফোন: 1-800-469-6872;

TDD/TTY ব্যবহারকারীরা নিউ ইয়র্ক স্টেট রিলে 711 তে যোগাযোগ করুন;

অথবা আমাদের ওয়েবসাইট - [www.elections.ny.gov](http://www.elections.ny.gov) দেখুন

আপনার নিবন্ধীকরণের সিদ্ধান্তের গোপনীয়তা বজায় থাকবে এবং শুধুমাত্র ভোটারের নিবন্ধীকরণের জন্যই ব্যবহার করা হবে। কেউ ভোটে দেওয়ার জন্য নিবন্ধন না করা থেকে নিলে এবং/বা যে অফিসে আবেদন জমা করা হয়েছে সেই অফিস সম্পর্কিত তথ্য গোপন রাখা হবে, শুধুমাত্র ভোটারের নিবন্ধীকরণের উদ্দেশ্যে ব্যবহার হবে।

## আপনার পরিচয় যাচাই

নির্বাচনের দিনের আগে DMV নম্বর (ড্রাইভারস লাইসেন্স নম্বর অথবা নন-ড্রাইভারস আইডি নম্বর), অথবা সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা, যা আপনি বক্স 9 এ পূরণ করবেন, সেটির মাধ্যমে আপনার পরিচয় যাচাই করার চেষ্টা করুন।

আপনার যদি DMV অথবা সামাজিক নিরাপত্তা নম্বর না থাকে, তাহলে আপনি একটি বৈধ ফটো আইডি, একটি সাম্প্রতিক ইউটিলিটি বিল, ব্যাঙ্ক স্টেটমেন্ট, পেচেক, সরকারী চেক বা আপনার নাম ঠিকানা প্রদর্শনকারী অন্য কোনো সরকারি নথি ব্যবহার করতে পারেন। আপনি এই ফর্মটির সঙ্গে এই প্রকার আইডি-র একটি প্রতিলিপি যুক্ত করতে পারেন।

নির্বাচনের দিনের আগে আমরা যদি আপনার পরিচয় যাচাই করতে অসমর্থ হই তবে যখন আপনি প্রথমবার ভোটাধিকার তখন আপনাকে আইডি বিষয়ে তিষ্ঠাসা করা হবে।

## এই ফর্মটি পূরণ করুন:

### মিথ্যা নিবন্ধীকরণ সংগ্রহ করা অথবা নির্বাচনের বোর্ডে ভুল তথ্য দেওয়া একটি অপরাধ।

বক্স 9: আপনাকে অবশ্যই একটি বৈধ নিতে হবে। কোনো প্রশ্ন থাকলে, উপরে উল্লিখিত আপনার পরিচয় যাচাই করা অংশ দেখুন।

বক্স 10: আপনি যদি এর আগে ভোটা দিতে থাকেন তাহলে "কোনটিই নয়" লিখুন। আপনার যদি মনে না থাকে শেষবার কখন আপনি ভোটাধিকার করেছেন তাহলে একটি প্রশ্ন চিহ্ন (?) দিন। যদি আপনি এর আগে অন্য নামে ভোটা দিয়ে থাকেন তবে সেই নামটি লিখুন। যদি তা না হয়, তবে "একই" লিখুন।

বক্স 11: শুধুমাত্র একটি বক্সে টিক চিহ্ন দিন। রাজনৈতিক দলে নাম লেখানো গ্রীষ্মিক, তবে কোনো রাজনৈতিক দলের প্রাথমিক নির্বাচনে ভোটাধিকার করলে, ভোটাধিকারকে অবশ্যই সেই রাজনৈতিক দলে নাম লেখাতে হবে, তবে রাজ্য দলের নিয়মে অন্য কিছু থাকলে অন্য কথা।